# বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

১৬ ভাদ্র ১৪২৪

বিআরপিডি সার্কুলার লেটার নং--১০ তারিখঃ----------------

৩১ আগস্ট ২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ব্যাংক শাখায় ব্যাংকিং কার্যক্রম**
**চালু রাখা ও নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ প্রসঙ্গে।**

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে পশুর হাটগুলোতে প্রচুর ব্যবসায়ীর সমাগম ঘটে এবং বিপুল পরিমাণ নগদ অর্থের লেনদেন হয়ে থাকে। ব্যবসায়ীগণের আর্থিক লেনদেন নিরাপদ ও সহজতর করার লক্ষ্যে অদ্য ৩১ আগস্ট, ২০১৭ তারিখ রোজ বৃহস্পতিবার পশুর হাটের নিকটবর্তী ব্যাংক শাখাসমূহে রাত ৮.০০ টা পর্যন্ত ব্যাংকিং কার্যক্রম চালু রাখা এবং উক্ত সময়ে দায়িত্বরত কর্মকর্তা-কর্মচারীদের যুক্তিসংগত ভাতা প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেয়া হলো।

এতদ্ব্যতীত, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের প্রধান কার্যালয়, শাখা অফিস, এটিএম বুথ ইত্যাদির  সার্বিক নিরাপত্তা বিধানে সতর্কতা অবলম্বনের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(রূপ রতন পাইন)
উপ মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩৩৬